কড়া নিরাপত্তায় সিরাজগঞ্জ পার হয়েছে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ইউরেনিয়াম বহনকারী লরি

লেখক: প্রকাশক | প্রকাশিত: 03 October 2026, 01:25 PM | বিভাগ: সারাদেশ

কঠোর নিরাপত্তা বলয়ের মধ্য দিয়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে পাবনার ঈশ্বরদীতে নির্মাণাধীন রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের উদ্দেশে যাত্রা শুরু করেছে পারমাণবিক জ্বালানি ইউরেনিয়ামের একটি বহর। চারটি বিশেষ লরিতে করে সড়কপথে রূপপুর প্রকল্প এলাকায় নেওয়া হচ্ছে এই জ্বালানি।

শনিবার সকাল ৯টা ৩০ মিনিটে যমুনা সেতু পশ্চিম সংযোগ মহাসড়কের নলকা এলাকা পার হয়ে হাটিকুমরুলের পাঁচলিয়া আন্তঃনগর ট্রাক বিশ্রামগার এলাকায় যাত্রা বিরতি দেয়। এরপর আবার পাবনার প্রকল্প এলাকার দিকে রওনা দেন বলে জানান হাটিকুমরুল হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মাহাবুর রহমান।

তিনি জানান, আজ শনিবার সকাল ৬টা ৪০ মিনিটের দিকে বিমানবন্দর থেকে ইউরেনিয়াম বহনকারী লরিবহরটি যাত্রা শুরু করে। বহরের সর্বোচ্চ সুরক্ষা নিশ্চিত করতে বাংলাদেশ সেনাবাহিনীর নেতৃত্বে

নিয়োজিত রয়েছেন স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি), পুলিশ এবং বিভিন্ন গোয়েন্দা সংস্থার সদস্যরা। যেকোনো ধরনের ঝুঁকি এড়াতে পুরো পথজুড়ে সতর্কতামূলক নিরাপত্তা নিশ্চিত করা হয়। বিশেষ লরিটি সকাল ৯টা ৩৫ মিনিটে যমুনা সেতু পশ্চিম সংযোগ মহাসড়কের পাঁচলিয়ার আন্তঃনগর ট্রাক বিশ্রামাগারে এসে পৌঁছে যাত্রা বিরতি দেয়। ৫০ মিনিটের যাত্রা বিরতির পর আবার রূপপুরের উদ্দেশ্যে রওনা হয়।

এর আগে শুক্রবার (২ অক্টোবর) রাত সাড়ে ১১টার দিকে পারমাণবিক জ্বালানিবাহী বিশেষ উড়োজাহাজটি ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। বিমান অবতরণের পর প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা শেষে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের দায়িত্বশীল কর্মকর্তারা তেজস্ক্রিয় এই জ্বালানির চালানটি বুঝে নেন।

প্রকল্পের নির্ধারিত সূচি অনুযায়ী, আগামী নভেম্বর ও ডিসেম্বর মাসের মধ্যে আরও ৯টি পৃথক ফ্লাইটের মাধ্যমে রূপপুর প্রকল্পের প্রথম ইউনিটের জন্য অতিরিক্ত ৪৮টি এবং দ্বিতীয় ইউনিটের জন্য ১৬৩টি ইউরেনিয়াম অ্যাসেম্বলি বাংলাদেশে পৌঁছানোর কথা রয়েছে। জ্বালানি বহনকারী এসব চালান রাশিয়া থেকে কাজাখস্তান,তুর্কমেনিস্তান, আফগানিস্তান, পাকিস্তান ও ভারত অতিক্রম করে আকাশপথে ঢাকায় পৌঁছাবে।

© 2026 আপনার নিউজ পোর্টাল। সর্বস্বত্ব সংরক্ষিত।
এই প্রতিবেদনটি আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে।